রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২৩, ২০২০

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৯ আষাঢ়, ১৪২৭ মোতাবেক ২৩ জুন, ২০২০

নিম্নলিখিত বিলটি ০৯ আষাঢ়, ১৪২৭ মোতাবেক ২৩ জুন, ২০২০ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১৪/২০২০

## বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের **১৩** নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন) আইন, ২০২০ নামে  অভিহিত হইবে।

(২)  ইহা অবিলম্বে কার্যকর হইবে।



**মূল্য :** টাকা ৪.০০

২। **২০০৩ সনের ১৩ নং আইনের ধারা ৩৪ এর সংশোধন।**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৩৪ এর উপ-ধারা (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৫) কমিশন, আদেশ দ্বারা, তৎকর্তৃক নির্ধারিত ট্যারিফ কোন অর্থ বৎসরে প্রয়োজনে এক বা একাধিকবার পরিবর্তন করিতে পারিবে।"।

---

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ গত ১৩ মার্চ ২০০৩ তারিখে গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। পরবর্তীতে আইনটি ১৭ ফেব্রুয়ারি, ২০০৫ (২০০৫ সনের ১৩ নং আইন) এবং ২৪ ফেব্রুয়ারি, ২০১০ (২০১০ সনের ৬ নং আইন) সালে দু'বার সংশোধন করা হয়।

উপর্যুক্ত আইনের ট্যারিফ সংক্রান্ত অধ্যায়ের ৩৪(৫) উপ-ধারায় **"কমিশন কর্তৃক নির্ধারিত ট্যারিফ কোন অর্থবছরে একবারের বেশী পরিবর্তন করা যাইবে না, যদি না জ্বালানি মূল্যের পরিবর্তনসহ অন্য কোনরূপ পরিবর্তন ঘটে"** মর্মে উল্লেখ আছে। সম্প্রতি জ্বালানি সরবরাহ কাঠামোতে দ্রুত পরিবর্তন ঘটায় আইনটি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সেই আলোকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক উক্ত উপ-ধারাটি **"কমিশন কর্তৃক নির্ধারিত ট্যারিফ কোন অর্থ বৎসরে কমিশন, উহার একক বা পৃথক পৃথক আদেশ দ্বারা, প্রয়োজন অনুসারে এক বা একাধিক বার পরিবর্তন করিতে পারিবে।"** মর্মে সংশোধন করা হইয়াছে।

বর্ণিত সংশোধিত আইনের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া ইহার আবশ্যকতা বিবেচিত হওয়ায় সংশোধিত আইনে উল্লিখিত বিষয় অন্তর্ভুক্ত করে সংশোধনের প্রস্তাব করা হইয়াছে।

এমতাবস্থায়, সংশোধিত আইনটির গৃহীত কার্যক্রমের বৈধতা ও ধারাবাহিকতা রক্ষার্থে 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন) আইন, ২০২০' শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হইল।

**নসরুল হামিদ**
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd